দৈনিক ইনকিলাব

তারিখ 03 SEP 1992
পৃষ্ঠা ৫ কলাম ৭

17

## কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় কৃতকার্য ছাত্রদের আবেদন

কুমিল্লা বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষার ফালফল আগস্ট মাসের ৮ তারিখে প্রকাশিত হয়েছে। কিন্তু পরিতাপের বিষয় কৃতকার্য ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নাম্বার এখনো দেয়া হয়নি। এই বোর্ডের অনেক ছাত্র-ছাত্রীই ঢাকায় বা দেশের অন্যান্য কলেজে ভর্তি হতে চায়। কিন্তু বেশীর ভাগ কলেজে ভর্তির জন্য নির্ধারিত নাম্বার দিয়ে ভর্তির ফরম দেয়া হচ্ছে। কুমিল্লা বোর্ডের ছাত্ররা একমাত্র নাম্বার না জানার জন্য ভর্তির ফরম নিতে পারছে না বা ভর্তি হতে পারছে না। এদিকে অন্য বোর্ডের নাম্বার ইতিমধ্যেই দেয়া হয়েছে। এখন এসএসসি পরীক্ষার নাম্বারের জন্য ছাত্ররা ঢাকার ভাল কলেজে ভর্তি হতে বঞ্চিত হচ্ছে। অতএব, অতি শীঘ্র ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নাম্বার নিজ নিজ স্কুলে পাঠিয়ে ছাত্র-ছাত্রীদেরকে রাজধানীতে একাদশ শ্রেণীতে ভর্তির সুযোগ দেয়ার জন্য কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

—মোঃ বশির উল্যা শেখ,
৭০/১৪/২, উঃ মুগদাপাড়া,
ঢাকা-১২১৪।

## শিক্ষা প্রতিষ্ঠানে যানবাহন উপহার

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সরকারের পক্ষ থেকে বাস, মিনিবাস দেয়া হয়েছে। প্রতিটি বাসে কোন কোন ব্যক্তি বিশেষের নাম উল্লেখ রয়েছে। যেমনঃ 'প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিশেষ উপহার-১৯৯২' ইত্যাদি। অতীতে রাষ্ট্রপতি এরশাদের নামও লেখা ছিল, এমনকি বেগম রওশন এরশাদের নামও একটি কলেজের বাসে এইভাবে লেখা ছিল। আমার জানামতে প্রতিটি বাসের খরচ রাষ্ট্রীয় কোষাগার হতে দেয়া হয়েছে। যদি তাই হয়, তাহলে এটা কোনক্রমেই ব্যক্তি বিশেষের উপহার নয়। এসব কারণের জন্যই ছাত্ররা বহু ত্যাগ-তিতিক্ষা করে স্বৈরাচার হটিয়েছে, দেশে গণতন্ত্র এনেছে, জনগণ তাদের নেতা নির্বাচন করেছে। আজকে যদি কারো ব্যক্তি প্রচার রাষ্ট্রীয় খরচে এইভাবে করা হয়, তাহলে নিশ্চয়ই এটা নৈতিকভাবে ঠিক হবে না। তাই আমি মনি করি, শুধু 'প্রধানমন্ত্রীর উপহার' এ ধরনের লেখা থাকতে পারে। সহনশীল হৃদয়ের অধিকারী বর্তমান মাননীয়া প্রধানমন্ত্রীকে এ ব্যাপারে ভেবে দেখার অনুরোধ করছি।

—শেখ গোলাম আসগর,
সাংবাদিকতা বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

## আমরা কোথায় ভর্তি হবো?

এবার এসএসসি পরীক্ষার ফলাফল খুব ভালো হয়েছে। বিভিন্ন কলেজে ভর্তির জন্য ফরম ছাড়া হয়েছে। কিন্তু, ঢাকার বেশীর ভাগ কলেজ স্টার মার্ক চেয়েছে। স্বীকার করি, ঢাকা বিভাগে অনেকেই স্টার মার্ক পেয়েছে। আর যারা সাতশ' এবং স্টার মার্কের চেয়ে কম নম্বর পেয়েছে তাদের কথা কোন কর্তৃপক্ষ চিন্তা করছেন না। আমাদের ভর্তি পরীক্ষার সুযোগ এবং মেধা যাচাই করার সুযোগ দেয়া হোক। তাই বোর্ড কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন, কলেজ অনুসারে নম্বর ডিমাণ্ড করা হোক।

খ, ম, আমিনুল ইসলাম (বিপু),
শ্যামলী, ঢাকা।